

“শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ”



নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি
সুটিপাড়া, নীলফামারী।

ফোনঃ-০৫৫১-৬১৬৪১(অফিস)
০৫৫১-৬১৭৬০(অভিযোগ)
website: www.nilphamaripbs.org
E-mail : nilpbs@gmail.com

স্মারক নং- ২৭.১২.৭৩৬৪.৫৫৪.০১.০১৮.১৬.২১০০

তারিখঃ ২৯/০৪/১৪২৩বঃ
১৩/০৮/২০১৬ খ্রিঃ

বিষয়- (RFQ) পদ্ধতিতে নির্বাচনী জ্ঞাতব্য ও সদস্য বিজ্ঞপ্তি ছাপানোর দরপত্র বিজ্ঞপ্তি।

নিম্নবর্ণিত স্পেসিফিকেশন ও বিবরণ অনুযায়ী নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতিতে নিম্নবর্ণিত মালামাল সরবরাহের নিমিত্তে নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক পবিস এর নিজস্ব তহবিলের আওতায় প্রকৃত উৎপাদনকারী/ঠিকাদারী /সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নির্বাচনী জ্ঞাতব্য ও সদস্য বিজ্ঞপ্তি সরবরাহের জন্য নিজস্ব লেটার হেড প্যাডে রিকুয়েস্ট ফর কোটেশন (RFQ) আহবান করা যাচ্ছে :

ক্রঃ নং	মালামালের বিবরণ	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য	মন্তব্য
০১	নির্বাচনী জ্ঞাতব্য বিজ্ঞপ্তি : ৭.৫' x ১০' সাইজ নিউজপ্রিন্ট কাগজে চার পৃষ্ঠায় অফসেট ছাপা। নমুনা মোতাবেক।	৫৪০০০ কপি			
০২	নির্বাচনী সদস্য বিজ্ঞপ্তি : ৭.৫' x ১০' সাইজ নিউজপ্রিন্ট কাগজে এক পৃষ্ঠা অফসেট ছাপা। নমুনা মোতাবেক।	১,২২,০০০ কপি			

কথায় :-----

শর্তাবলী :

- ০১। দরপত্র আগামী ২২/০৮/১৬ইং তারিখ দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত) অফিস সময়ে ব্যক্তিগতভাবে/ডাকযোগে/কুরিয়ারযোগে (ক) পরিচালক, পবিস উঃ ও পঃ(উঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, শিলক্ষেত, ঢাকা-১২২৯ (খ) নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি, সুটিপাড়া, নীলফামারী এই ঠিকানায় নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র পৌছাতে হবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল করা হবে। দাখিলকৃত সকল দরপত্র সমূহ ঐ দিনই অর্থাৎ ২২/০৮/২০১৬ইং তারিখ বেলা ১২:৩০ ঘটিকার সময় (ক) পরিচালক, পবিস উঃ ও পঃ (উঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, শিলক্ষেত, ঢাকা-১২২৯,(খ) নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি, সুটিপাড়া, নীলফামারীতে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। দরপত্র দাখিলের সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে দর উল্লেখ পূর্বক খামে সীলগালা ও সীল মোহর ব্যবহার করে দাখিল করতে হবে। দরপত্রের সহিত চলতি ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী সনদ পত্র, অভিজ্ঞতা সনদপত্র (যদি থাকে) ও আয়কর সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ০৩। দরপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে “ নির্বাচনী জ্ঞাতব্য ও সদস্য বিজ্ঞপ্তি ” সরবরাহের দরপত্র কথাটি উল্লেখ করতে হবে। দরপত্রে কোনরূপ কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।
- ০৪। কার্যাদেশ প্রদানের ০৭(সাত) দিনের মধ্যে মালামাল নিজ খরচে নীলফামারী পবিস এর সদর দপ্তরে সরবরাহ করতে হবে। নির্দিষ্ট সময়ে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হারে জরিমানা কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।
- ০৫। কর/ভ্যাট সরকারী নিয়মানুযায়ী বিল হতে কর্তন করা হবে।
- ০৬। দরপত্রে উল্লেখ নাই এমন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ০৭। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গন্য হবে।
- ০৮। দরপত্রে কোন প্রকার কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। দরপত্রে উদ্ভূত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে অংকে এবং সর্বমোট দর অংকে ও কথায় লিখতে হবে। উদ্ভূত একক দর ও মোট দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে একক দর গ্রহণযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে।

- ০৯। দরপত্র সঠিকভাবে পূরণ করতঃ প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করতে হবে।
- ১০। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ১১। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩(তিন) দিন পূর্বে লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ১২। পবিস মনোনীত প্রতিনিধি কর্তৃক মালামালের গুণগতমান যাচাই করা সাপেক্ষে মালামাল গ্রহণ করা হবে।
- ১৩। মালামাল সরবরাহের পর কোন প্রকার ত্রুটি পরিলক্ষিত হলে পবিস মনোনীত প্রতিনিধিগণ উদ্ভূত ত্রুটির বিষয়ে যেকোন সিদ্ধান্ত দিবেন তা মেনে নিতে দরদাতা বাধ্য থাকবেন।


(মোঃ ইনছের আলী)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ

- ০১। জেলা প্রশাসক, নীলফামারী।
- ০২। পুলিশ সুপার, নীলফামারী।
- ০৩। পরিচালক পবিস উঃ ও পঃ (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর জোন, বাপবিবো, রংপুর
- ০৫। নির্বাহী প্রকৌশলী গনপূর্ত বিভাগ, নীলফামারী।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, এল,জি,ই,ডি, নীলফামারী।
- ০৭। জেনারেল ম্যানেজার-----পবিস- ১/২/৩।
- ০৮। এজিএম(অর্থ), নীপবিস।
- ০৯। মেসার্স-----।
- ১০। নোটিশ বোর্ড, নীপবিস।
- ১১। অফিস/মাস্টার কপি।

নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধ সহ।


(মোঃ ইনছের আলী)
জেনারেল ম্যানেজার